

কবিতার ছায়াহীন

কবির একটা বাড়ি দরকার হতে পারে
কেউ যেন ঝাঁসও করে না

কবি যে পথটা দিয়ে যাওয়া-আসা করে
কেউ চকিত চোখে চেয়েও দেখে নি সেই পথে

কবি একবার কনসুলেট পার্টিতে গিয়েছিল
তার ধরন-ধারণ দেখে চোখ-টেপাটেপি

কবি তাই এখন সুগন্ধি মেখে বিয়ে বাড়িতে যায়
ঢেকুর তুলে বলে--- লোডশেডিংটা দেখছেন, পারা যায় না

সত্যি পারা যায় না আর
কবির বাড়ি হচ্ছে, গ্যারাজ-গোসলখানার বাহার

বসার ঘরে ডিজিটাল ফোন, মেহগনির চমক
পিচ্ছিল টালিতে ঝলসে উঠছে বেদনাহীনতা

কবির একটা হিল্লো হলো এতদিনে
শুধু কবিতার ছায়াহীন শূন্য থাকে তার প্রিয় খাতা

বিকাশ পাল

